

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫. তৃতীয় অনুচ্ছেদ - বিতরের সালাত

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُوتِرُ بِوَاحِدَةٍ ثُمَّ يَرْكَعُ رَكْعَتَيْنِ يَقْرَأُ فِيهِمَا وَهُوَ جَالِسٌ فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعُ قَامَ فَرَكَعَ. رَوَاهُ ابْن مَاجَه

#### বাংলা

১২৮৫-[৩২] উম্মুল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহে সাল্লালাহ্ আলাইহি ওয়াসাল্লাম বিতরের এক রাক্'আত আদায় করতেন। তারপর দু' রাক্'আত (নফল) আদায় করতেন। এতে তিনি বসে বসে কিরাআত (কিরআত) পড়তেন। রুকূ' করার সময় হলে তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) দাঁড়িয়ে যেতেন ও রুকূ' করতেন। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ: ইবনু মাজাহ্ ১১৯৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: বসে সালাতরত অবস্থায় রুকৃ' করার সময় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে যেতেন। এ প্রসঙ্গে ইবনু হাজার (রহঃ) বলেন, এ হাদীস পূর্বে (১২৮৩ নং হাদীসে) বর্ণিত হাদীসের বিরোধী নয়। কারণ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো দাঁড়ানো ব্যতীতই পূর্ণ সালাত (সালাত/নামায/নামাজ) বসে আদায় করতেন আবার কখনো রুকৃ' করার সময় দাঁড়িয়ে যেতেন।

মির্'আত প্রণেতা বলেন যে, মূল হাদীসটি মুসলিমে রয়েছে। উম্মু সালামাহ্ (রাঃ) বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)- কে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি উত্তরে বললেন যে, তিনি ১৩ রাক্'আত আদায় করতেন, অতঃপর তিনি বিতর পড়তেন, এরপর তিনি দু' রাক্'আত সালাত বসে আদায় করতেন, যখন রুকু' করার ইচ্ছা করতেন তখন দাঁড়িয়ে যেতেন এবং রুকু' করতেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন